

১০৪ পর্বের ধারাবাহিক ছায়াঘড়ির নির্মাণ কাজ চলছে

বিনোদন রিপোর্ট : এ সময়ের ব্যস্ততম গুণী নাট্যকার মাসুম রেজার ১০৪ পর্বের ধারাবাহিক নাটক 'ছায়াঘড়ির' নির্মাণ কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। ইতোমধ্যে ষোল-সতের পর্বের শূটিংয়ের কাজ শেষ হয়েছে। এটি পরিচালনা করছেন প্রশান্ত বর্ধন। ধারাবাহিকের কাহিনী গড়ে উঠেছে সত্তর দশকে মিল-কারখানা বেসরকারীকরণের প্রেক্ষাপটের ওপর ভিত্তি করে। সে সময় মিঃ খান একটি কারখানা ক্রয় করেন। এই কারখানার ভেতরকার যাবতীয় সমস্যা ও ঘটনা নিয়ে ধারাবাহিকের কাহিনী গড়িয়েছে। এর বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন তারিক আনাম, মেঘনা, দিলারঞ্জামান, কে এস ফিরোজ, শামসুল আলম বকুল, চুমকি, জিতু প্রমুখ। ধারাবাহিকটির কাজ আগামী দু'এক মাসের মধ্যে শেষ হয়ে যাবে বলে মাসুম রেজা জানান। উল্লেখ্য, মাসুম রেজা এখন ১০৪ পর্বের আরেকটি ধারাবাহিক 'নকশিপাড়ের মানুষেরা' কাজ নিয়ে ব্যস্ত আছেন।

জিএস প্রার্থী অমিত হাসান

বিনোদন রিপোর্ট : নায়ক অমিত হাসান আগামী শিল্পী সমিতির নির্বাচনে সাধারণ সম্পাদক পদে প্রার্থী হবেন। গত শুক্রবার তিনি এফডিসিতে এসেছিলেন ঘুরতে। এই প্রতিনিধির সঙ্গে আলাপকালে তিনি বলেন, নির্বাচনে জিএস প্রার্থী হবো এটা নিশ্চিত, তবে কার সঙ্গে প্যানেলবদ্ধ হবো সেটা এখনো চূড়ান্ত করিনি। অমিত হাসান ইতোমধ্যে তার নির্বাচনী কর্মকাণ্ড শুরু করেছেন। শূটিং-এর ফাঁকে ফাঁকে তিনি ভোটারদের কাছে ভোট প্রার্থনাও করছেন।

আসিফের ২৯তম জন্মদিন আজ

বিনোদন রিপোর্ট : তরুণ কণ্ঠশিল্পী আসিফের ২৯তম জন্মদিন আজ। এ উপলক্ষে নগরীর স্থানীয় একটি হোটেলে আসিফ তার বার্থডে পার্টির আয়োজন করেছেন। বেশ জাঁকজমকভাবেই এই আনুষ্ঠানিকতার আয়োজন করা হয়েছে বলে জানা গেছে।

একযুগ পূর্তিতে এলআরবির কনসার্ট

বিনোদন রিপোর্ট : এলআরবির একযুগ পূর্তি উপলক্ষে ২২ মার্চ হোটেল শেরাটনের উইন্টার গার্ডেনে অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ কনসার্ট। উইজার্ড শো বীজের উদ্যোগে অনুষ্ঠিত এই কনসার্টে এলআরবির লীড ভোকালিস্ট আইয়ুব বাচ্চু একটানা প্রায় ত্রিশটি গান গেয়ে দর্শক শ্রোতাদের মুগ্ধ করেন। বিকেল ৫টায় অনুষ্ঠানটি শুরু হয়ে বিরতিহীনভাবে চলে রাত ৯টা পর্যন্ত। প্রথমে মঞ্চে আসেন ব্যান্ড মিউজিকের জগতে নতুন মুখ আতাহার, আরিফসহ চার তরুণ। এরা একে একে চারটি গান গেয়ে কনসার্টের সূচনা করেন। আইয়ুব বাচ্চুসহ পাঁচজন সমবেতভাবে একটি গান করেন। অতঃপর আইয়ুব বাচ্চু দর্শক শ্রোতাদের উদ্দেশ্যে কয়েক মিনিট শুভেচ্ছা বক্তব্য রাখেন। এলআরবির এক যুগের দীর্ঘ পথ পরিক্রমায় দর্শক শ্রোতাদের আন্তরিক সমর্থন এবং ভালবাসার কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ এবং দর্শকদের উদ্দেশ্যে গান ধরেন আইয়ুব বাচ্চু। প্রথমেই গেয়ে ওঠেন, প্রভু আমাকে শক্তি দাও, না হয় মুক্তি দাও গানটি। একে একে কয়েক লাইন করে এল আরবির গত একযুগে প্রায় ডজনখানেক জনপ্রিয় গানের অংশবিশেষ বিরতিহীনভাবে গেয়ে শোনান তিনি। পরে এলআরবির নিজস্ব পছন্দের পাঁচটি গান পরিবেশন করেন।

এর পর একের পর এক গান চলে ম্যারাথন স্টাইলে। এই রূপালী গিটার ফেলে চলে যাব দূরে, সেই তুমি কেন এত অচেতা হলে। কোন সুখের ছোঁয়া পেতে নয় শীর্ষক জনপ্রিয় গানগুলো গাওয়ার সময় অপ্রতিরোধ্য উচ্ছ্বাসে মেতে ওঠে দর্শক শ্রোতারা। গানের তালে তালে শুরু হয় উন্মাতাল নৃত্য। চারদিক মুখর হয়ে ওঠে সহস্র প্রাণের সজীব স্পন্দনে। রাত ৯টা পর্যন্ত চলে এলআরবির এই যুগপূর্তি অনুষ্ঠান।

আবার শাকিল খান

বিনোদন রিপোর্ট : আবারও ঘুরে দাঁড়িয়েছেন শাকিল খান। নার্গিস আজারের মেঘলা আকাশ ছবিতে তার অনবদ্য অভিনয় দর্শক প্রশংসিত হয়েছে। এমনকি যারা তার সমালোচক তারাও প্রশংসা করতে রাজি হয়েছেন। ধারণা করা হচ্ছে, এ ছবিতে তার সাবলীল ও ম্যাচিউরড অভিনয় পুনরায় ক্যারিয়ারকে চাঙ্গা করে তুলবে। এ ব্যাপারে শাকিলও আত্মবিশ্বাসী। তিনি বলেন, গত সপ্তাহে আমার সন্ত্রাসী বন্ধু ছবিটি মুক্তি পায়। ছবিটি দর্শক ভালভাবে গ্রহণ করে। এ সপ্তাহে চলছে মেঘলা আকাশ। এটিও দর্শক গ্রহণযোগ্যতা পেয়েছে। এ ছবিটির প্রতি দর্শক প্রতিক্রিয়া খুব ভাল। পর পর দু'টি ছবি ভাল যাওয়া নিঃসন্দেহে আমার জন্য প্লাস। আমার ক্যারিয়ার পুনর্গঠনে এ দু'টি ছবি বিশেষ ভূমিকা পালন করবে। তিনি বলেন- আমি ছিলাম, আছি, ভবিষ্যতেও থাকব ইনশাল্লাহ্। উল্লেখ্য, শাকিল বর্তমানে তিনটি ছবিতে কাজ করছেন। ছবি তিনটি হচ্ছে হৃদয়ের বাঁশি, রণাঙ্গনে ও হৃদয়ের বাদশা।